শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

নভেম্বর / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৪৪ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২১ নভেম্বর ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২২-৬৩৭ তারিখঃ ২৩/০৮/২০২২ইং মূলে ১ম কিস্তি হিসাবে ইতোমধ্যে ১৭.২৯ লক্ষ টাকা অর্থ বরাদ্দ পাওয়া গিয়াছে। ১ম কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরূপ ৪(চার) কিস্তিতে মোট ৬৯.১৬ লক্ষ টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া রাজস্ব উদ্বৃত্ত হিসেবে ১,১৪,৭৬,৭৪০.০০ টাকা উন্নয়ন তহবিলে জমা রয়েছে মর্মে জানা গেছে।তিনি আরও জানান যে, "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি" এর ১ম সভা গত ১১ অক্টোবর ২০২২ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভায় প্রচুর উন্নয়ন প্রকল্পের প্রস্তাব পাওয়া যায়। তৎমধ্যে চলমান অর্থ বছরে বাস্তবায়নের জন্য একটি নাতিদীর্ঘ তালিকা উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরনের সুপারিশ করা হয়েছে। মোট ১,৮৩,৯২,৭৪০.০০ টাকা (৬৯,১৬,০০০.০০+ ১,১৪.৭৬,৭৪০.০০) বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রস্তাবিত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকা প্রণয়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রকল্প বাছাই কমিটিকে অনুরোধ করেন। সময়ের স্বল্পতার কারণে নিকটতম অন্য কোন দিন উপজেলা প্রকল্প বাছাই কমিটির অবশিষ্ট আলোচনা ও চলমান অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র অগ্রাধিকার ক্রমে প্রস্তুত করা হবে মর্মে মাসিক সভার সভাপতি ও সম্মানিত উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, হাট-বাজার ইজারা লব্ধ আয়ের শতকরা ১৫-২৫ ভাগ হাট-বাজার অবকাঠামো রক্ষনাবেক্ষণ ও উন্নয়নের জন্য ব্যয় হয়। এ খাতে বেশ কয়েকটি বাজারের অর্থ অব্যয়িত রয়েছে। পুরকায়স্থ বাজার ব্যবস্থাপনা কমিটি ইতোমধ্য একটি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করে অগ্রায়িত করেছেন। উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে প্রণয়নকৃত | ডিসেম্বর ২০২২ইং মাসিক সাধারণ সভায় প্রকল্প বাছাই কমিটির অগ্রধিকার ক্রম অনুযায়ী বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২২-২০২৩ইং অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলাপ্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে বিভিন্ন বাজারের অবকাঠামো রক্ষনাবেক্ষন ও উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। "শরীফগঞ্জ - ফেঞ্চুগঞ্জ" সড়ক এবং হেতিমগঞ্জ বাজার - ঢাকাদক্ষিণ বাইপাস - | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নয়ন পরিকল্পনা অনুমোদন করা যেতে পারে।উপজেলা প্রকৌশলী আরও জানান যে, শরীফগঞ্জ ইউনিয়নে "শরীফগঞ্জ - ফেগুগঞ্জ" সড়কের উন্নয়ন কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। উক্ত সড়কে কিছু পুরাতন ইট সলিং রয়েছে। একইভাবে হেতিমগঞ্জ বাজার - ঢাকাদক্ষিন বাইপাস - সড়কের চেইঃ ৫৫৫০ মিটারে বিদ্যমান দেওয়ান ব্রীজ পুনঃনির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পুরাতন ব্রীজটি অপসারণ ও লব্ধকৃত পুরাতন মালামাল বিক্রয় করা প্রয়োজন। উন্নয়ন প্রকল্পদ্বয় বাস্তবায়নের স্বার্থে পুরাতন মালামাল ও স্থাপনা অপসারনের বিষয়ে পরিষদ সদয় সম্মত হলে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে ২টি বিষয়ে নিলাম আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। | সড়কে দেওয়ান ব্রীজ পুনঃনির্মাণ কাজ বাস্তবায়নের স্বার্থে পুরাতন ইট সলিং ও ব্রীজের লব্ধকৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয় করার প্রস্তাব পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১১৯৬৩ জন, আন্তঃবিভাগে ভর্তি কৃত রোগী ১৪৮১ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহন ৮০ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ। করোনা টিকা প্রদান ১ম ডোজ ২,৭২,৯২২, ২য় ডোজ ২,৬৮,১৯০ ,৩য় ডোজ ৬৫০০০। বর্তমানে করোনার আক্রান্তের হার নাই। ল্যাব টেষ্টঃ ইসিজি এর সংখ্যা ৬২, আরবিএস এর সংখ্যা ১৩৫৩, যক্ষা রোগের টেষ্টের সংখ্যা নাই, যক্ষা রোগের এইচ আইভি টেষ্টের সংখ্যা নাই, করোনা রেট সেম্পল নাই। | স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর ২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৯৬৬৬৯ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৮৯৭১, হার ৭৮.৪৬%। গর্ভকালীন সেবা ৬৯৩ জন, প্রসব সেবা ৫৫ জন, গর্ভোত্তর সেবা ২৬০জন, শিশু সেবা ৮৩০ জন, রোগী ২৭৮৩ জন, জীবিত জন্মের সংখ্যা ২২১ জন, মৃত্যুর সংখ্যা ৫২ জন, সর্বমোট গর্ভবতী ১৭৬৮ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৩৫৬ জন ।বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, কৃষি প্রনোদনা বিতরন চলছে ধান হাইব্রিড ৩৮০০, উফশী ২১০০ এবং অন্যান্য রবি ফসল ২৩৪৫ সহ মোট৮২৪৫ জন। উপজেলা পরিষদের অর্থায়নে ২০০০ কেজি সরিষা বীজ ১০০০ জনের মাঝে বিতরন সম্পন্ন হয়েছে।সবজি প্রনোদনা বিতরন সম্পন্ন হয়েছে। অনাবাদি জমিকে চাষের আওতায় আনতে এবং প্রনোদনার বীজ সার জমিতে কার্যকরভাবে বপন হবে। সুইচগেইটগুলোর ব্যবস্থাপনা সটিকভাবে সম্পন্ন করার জন্য এবং সেচ স্কীম গুলো সুষ্টুভাবে পরিচালনার জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের সদয় দৃষ্টি রাখার অনুরোধ করেন। | অনাবাদি জমিকে চাষের আওতায় আনতে এবং প্রনোদনার বীজ সার জমিতে কার্যকরভাবে বপনের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, এপিএ কার্যক্রমের আওতায় ৭২ জন চাষিকে পরামর্শ সেবা প্রদান ২টি অভিযান পরিচালিত হয়। উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ টি ইউনিয়নের ৮ জন চাষির মাঝে প্রদর্শনী উপকরন বিতরন করা হয়। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। | এপিএ কার্যক্রমের আওতায় চাষিকে পরামর্শ সেবা প্রদান ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদর্শনী উপকরন বিতরনের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ১৮৮৬ ,হাঁস মুরগীর চিকিৎসা ১১৩৯৭, কৃত্রিম প্রজনন ১২২। গবাদি পশুর টিকা প্রদান ৩৭২৪, হাঁস মুরগীর টিকা প্রদান ১১২০০, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ৫ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি । | গবাদি পশূর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন রক্ষনাবেক্ষন (টি.আর) সাধারন ১ম পর্যায়ের তালিকা চুড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচী (কাবিখা/কাবিটা) কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক শিক্ষাকার্যক্রম স্বাভাবিকভাবে হচ্ছে। কোথাও কোনো সমস্যা নেই। রফিপুর স.প্রা.বিদ্যালয় ০১ বছর যাবৎ ভবন নির্মানের কাজ বন্ধ। পাইলিংয়ের সমস্যা হয়েছিল।কাজটি পুনরায় শুরু করার ব্যবস্থা গ্রহনের জন্য তিনি পরিষদকে অনুরোধ করেন। | রফিপুর স.প্রা.বিদ্যালয়ের ভবন নির্মান কাজ দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ,স্যানিটেশন এবংস্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ স্মল স্কীমের সাইট লিষ্ট কয়েকটি ইউনিয়ন এখনো দেয় নাই। দ্রুত সাইট লিষ্ট দেওয়ার জন্য অনুরোধ করা হলো।বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | যে সকল ইউনিয়ন স্মল স্কীমের সাইট লিষ্ট এখনো দেয় নাই, দ্রুত ইউনিয়ন থেকে সংগ্রহ করে কাজ বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্যকে) অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরের ১ম কিস্তির পেরোলের টাকা সকল উপকারভোগীদের একাউন্টে পাঠানো হয়েছে।২য় কিস্তির পেরোল ডিসেম্বর মাসের ১ম সপ্তাহে প্রেরনের নির্দেশনা রয়েছে।তাই ইউপি চেয়ারম্যানগণদের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষন করছি অতি দ্রুত ভাতাভোগীর তালিকা যাচাই বাছাই একাউন্ট সংশোধন ও প্রতিস্থাপনের কাজ দ্রুত শেষ করে তালিকা রেজুলেশন আকারে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরনের অনুরোধ করা যাচ্ছে। | ২০ শে ডিসেম্বরের মধ্যে যাছাই বাছাইকৃত ও প্রতিস্থাপনের তালিকা রেজুলেশন সহকারে উপজেলা সমাজসেবা কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, সার্বিক যুব কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন এবং বর্তমানে কয়টি ট্রেনিং কার্যক্রম চলছে তা আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরন ৬৫.৩৮ লক্ষ টাকা।আদায় ২৯.৬১ লক্ষ টাকা।১৬০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত ৫৩ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। সিভিডিপি প্রকল্পের আওতায় ৬০ জনকে মাসিক যৌথ সভায় প্রশিক্ষন প্রদান করা হয়েছে এবং ৫ টি সমবায় সমিতি পরিদর্শন ও ২ টি উঠান বৈটক অনুষ্টিত হয়েছে। | নিয়মিত অডিট ও সমিতি পরিদর্শন নিশ্চিত করনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন আমন ২২-২৩ মৌসুমের ধান ক্রয় কার্যক্রমের লক্ষ্যমাত্রা গোলাপগঞ্জ উপজেলার বরাদ্দ ৫৬৩ মে.টন। এই বছর প্রতি কেজি ২৮ টাকা দরে অর্থাৎ প্রতি মন ১১২০ টাকা দরে দান সংগ্রহ হবে। সম্মানিত ইউপি চেয়ারম্যানগণের নিকট অনুরোধ থাকবে যে যেসকল কৃষকগণ ধান বিক্রি করতে আগ্রহী উনারা যাতে কৃষি অফিসের সাথে যোগাযোগ করে কৃষকের তালিকায় নাম অন্তর্ভুক্ত করেন। | আগ্রহী কৃষকগণ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করে কৃষকের তালিকায় নাম অর্ন্তভুক্ত করবেন এবং সমগ্র কার্যক্রম সুষ্টুভাবে মনিটরিংয়ের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, চলমান ২১-২২ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের খাদ্যশষ্য বিতরন কাজ আগামী ডিসেম্বর মাস পর্যন্ত চলবে নভেম্বর মাসের ছাড়পত্র দেয়া সম্পন্ন হয়েছে। পরবর্তী ২০২৩-২৪ চক্রের আবেদন অনলাইনে এন্ট্রি চলমান আছে, যার শেষ তারিখ ২৫ নভেম্বর২০২২। উক্ত কার্যক্রমের পরিপত্রের কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কাজ সম্পন্ন করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। এ সংক্রান্ত উপজেলা কমিটির অবহিতকরন সভা সম্পন্ন হয়েছে। | কর্ম পরিকল্পনা অনুযায়ী সকল কাজ সম্পন্ন করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, উপজেলা বনায়ন কেন্দ্র সভায় বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বর্তমানে লোডশেডিং পরিস্থিতি আগের চেয়ে ভাল। কিছু কিছু জায়গায় ট্রান্সফর্মার চুরি হওয়ায় বিদ্যুৎ সরবরাহে গ্রাহকের টাকা জমা ও সরবরাহে ভতুর্কি দিতে হচ্ছে ট্রান্সফর্মার চুরি প্রতিরোধের লক্ষ্যে স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করনের জন্য বিভিন্ন সময়ে মাইকিং, লিফলেট বিতরন, বিদ্যুৎবিলে সিলমারা সহ বিভিন্ন স্পটে উঠান বৈঠক করা হচ্ছে। এ ব্যাপারে সকল ইউনিয়নের চেয়ারম্যানগণ ও অন্যান্য জনপ্রতিনিধিগনসহ গণ্যমান্য ব্যক্তিবর্গের সার্বিক সহযোগিতা কামনা করছি। গ্রাম পুলিশদের এ ব্যাপারে অবগত করে বিষয়টি সম্পর্কে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করছি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন। ট্রান্সফর্মার চুরি রোধে সকলকে সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিবিধ | ক) উপজেলা কমপ্লেক্সের পুকুরে ডাবল স্পীড অ্যারেটর স্থাপনের জন্য ইলেকট্রিক সামগ্রী ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ ভ্যাট সহ ১৮,৫৬০/- ব্যয় হয়।<br>খ) উপজেলা পরিষদ কার্যালয়ের আইপিএস হঠাৎ বিকল/নষ্ট হয়ে যাওয়ায় আইপিএস এর মেশিন মেরামত ও নতুন ব্যাটারী ক্রয় বাবদ ১৭,৪৬৪/- ব্যয় হয়।<br>গ) উপজেলা পরিষদ কার্যালয়ের জীপ গাড়ি নং ঘ ১১-০২৫৫ এর সেলফস্টারমনা ,কার্বেটর , ওয়াটার পাম্প , চাকার হাফস সহ অন্যান্য পার্টস হঠাৎ অকেজো হওয়ার কারনে গাড়ী চালক জনাব জাকির হোসেন১৬/১১/২০২২ খ্রিঃ তারিখে আবেদন করেন। জীপ গাড়ির নতুন পার্টস সংযোজনের/মেরামতের জন্য ৩০,৮৫০/-প্রয়োজন।<br>ঘ) সভায় ৭ নং লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান বলেন, পুরকায়স্থবাজার উন্নয়নে বাজার ব্যবস্থাপনা কমিটির সভা, নওয়াই চক গ্রামে হাওরের মাছ পাইকারি বিক্রয়ের জন্য মৎস্য শেড নির্মান ,বাদপড়া গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ, লক্ষনাবন্দ ইউনিয়নে এস.এস.সি পরীক্ষা কেন্দ্র স্থাপন, নতুন আইডি কার্ডে ভুল থাকায় দায়িত্বশীলদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন এবংইউনিয়ন হাসপাতালে ডেলিভারী ব্যবস্থা চালুর প্রস্তাব করেন। | ক) উক্ত ডাবল স্পীড অ্যারেটর স্থাপনের জন্য ইলেকট্রিক সামগ্রী ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ ভ্যাট সহ ১৮,৫৬০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উক্ত আইপিএস এর মেশিন মেরামত ও নতুন ব্যাটারী ক্রয় বাবদ ১৭,৪৬৪/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের জীপ গাড়িটি মেরামত বাবদ ৩০,৮৫০/-ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি কর্তৃক উপস্থাপিত প্রস্তাবের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রত্যেক বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা

CamScanner

গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট
তারিখঃ ২১/১১/২০২২ খ্রিঃ

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১০০৫
অনুলিপি সদয় অবগতির জনাঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------- সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং লক্ষণাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৪ | সি উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৭ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০২ | - | স্বাক্ষরিত |
| ৩১ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০৩ | ফরেস্টার, সামাজিক বনায়ন কেন্দ্র | |
| ০৪ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | |
| ০৫ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | |